

প্রেস রিলিজ

বাংলাদেশের প্রথম স্টুডেন্ট পলিটিক্যাল স্যাটায়ায় চলচ্চিত্র “দ্য ইউনিভার্সিটি অফ চানখাঁরপুল” এর অফিসিয়াল ট্রেলার প্রকাশ

ঢাকা, বাংলাদেশ: বাংলাদেশের বিশ্ববিদ্যালয়ভিত্তিক ছাত্ররাজনীতি, হল কালচার, বড় ভাই সংস্কৃতি এবং ক্ষমতার অপব্যবহারের বাস্তবতাকে ব্যঙ্গাত্মক অথচ তীক্ষ্ণ ভাষায় তুলে ধরা বহুল প্রতীক্ষিত চলচ্চিত্র “দ্য ইউনিভার্সিটি অফ চানখাঁরপুল” এর অফিসিয়াল ট্রেলার প্রকাশিত হয়েছে। একইসাথে সম্প্রতি চলচ্চিত্রটি প্রেক্ষাগৃহে মুক্তির আভাস দেয়ার মাধ্যমে তরুণ দর্শক ও চলচ্চিত্রপ্রেমীদের মাঝে ব্যাপক আলোচনার জন্ম দিয়েছে।

বাংলাদেশের চলচ্চিত্র অঙ্গনে এটি একটি ব্যতিক্রমধর্মী সংযোজন, কারণ এই ব্যাপারে সিনেমার নির্বাহী প্রযোজক হাফিজউদ্দিন মুন্না বলেন - "এটি দেশের প্রথম পূর্ণদৈর্ঘ্য স্টুডেন্ট পলিটিক্যাল স্যাটায়ায় চলচ্চিত্র, যেখানে বিশ্ববিদ্যালয় জীবনের অপ্রকাশিত রুঢ় বাস্তবতা, রাজনৈতিক আনুগত্য, গেস্টরুম সংস্কৃতি এবং ক্ষমতার রাজনীতিকে সাহসীভাবে উপস্থাপন করা হয়েছে"।

চলচ্চিত্রটি মূলত বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় বর্ষের কয়েকজন বন্ধুর গল্পকে কেন্দ্র করে নির্মিত, যারা ক্যাম্পাস রাজনীতি, ক্ষমতার দ্বন্দ্ব এবং ব্যক্তিগত স্বপ্নের সংঘর্ষে জড়িয়ে পড়ে। হাস্যরস, ব্যঙ্গ এবং বাস্তবতার সংমিশ্রণে নির্মিত এই গল্প তরুণ প্রজন্মের কাছে ইতোমধ্যেই বিশেষ আগ্রহের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে।

পরিচালক আকাশ হক (Monirul Haque Akash) নির্মিত ১৩৪ মিনিট দৈর্ঘ্যের এই সিনেমাটি ইতোমধ্যেই বিভিন্ন আন্তর্জাতিক ও জাতীয় চলচ্চিত্র উৎসবে প্রশংসা কুড়িয়েছে। ২৪তম ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব (DIFF)-এর বাংলাদেশ প্যানোরামা

বিভাগে চলচ্চিত্রটি FIPRESCI Award for Best Full-Length Feature Film অর্জন করে।

এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদ আয়োজিত “আমার ভাষার চলচ্চিত্র ১৪৩২” উৎসবে সিনেমাটি হীরালাল সেন পুরস্কার এবং সেরা চিত্রনাট্য পুরস্কার লাভ করে।

চলচ্চিত্রটির ওয়ার্ল্ড প্রিমিয়ার অনুষ্ঠিত হয় ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে জাতীয় জাদুঘরে, যেখানে দর্শকদের ব্যাপক উপস্থিতি ও ইতিবাচক প্রতিক্রিয়া বিশেষভাবে আলোচিত হয়। গণমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, প্রদর্শনীতে দর্শকদের অতিরিক্ত আগ্রহের কারণে অনেককে মেঝেতে বসেও সিনেমাটি উপভোগ করতে দেখা গেছে।

সিনেমাটির থিম সং “সহমত ভাই” ইতোমধ্যেই সামাজিক যোগাযোগমাধ্যমে তরুণদের মধ্যে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে এবং ক্যাম্পাস সংস্কৃতির প্রতীকী ভাষ্য হিসেবে আলোচনায় এসেছে।

“দ্য ইউনিভার্সিটি অফ চানখাঁরপুল” এ অভিনয় করেছেন দেবদ্যুতি আইচ, রকি খান, ববি বিশ্বাস, আবু সায়ীদ, চয়ন, জীবন, সোহান, ইফাদ সহ আরও একঝাঁক নতুন মুখ। বিশেষ একটি চরিত্রে রয়েছেন সাহিত্যিক ও কবি আক্তারুজ্জামান আজাদ।

চলচ্চিত্রটি নির্মাণ করেছে, বি টিম লিমিটেড এবং পরিবেশনা করছে এইচ এম প্রোডাকশন এন্ড মাল্টিমিডিয়া। নির্মাতা আকাশ হক মনে করেন, “এই সিনেমা শুধুমাত্র বিনোদন নয়; বরং বাংলাদেশের বিশ্ববিদ্যালয় রাজনীতি ও তরুণ সমাজের বাস্তবতাকে নতুনভাবে ভাবার একটি সাহসী সিনেম্যাটিক প্রচেষ্টা”। তিনি আরও বলেন, সিনেমাটিতে একই সাথে দেশের উচ্চতর শিক্ষার অব্যবস্থাপনা ও অসঙ্গতিগুলোর প্রতিচ্ছবি ফুটে উঠেছে।

শিগগিরই সিনেমাটি সারা দেশের প্রেক্ষাগৃহে মুক্তি পাবে।
দর্শকদেরকে সিনেমাটি হলে গিয়ে দেখার জন্য সংশ্লিষ্ট নির্মাতারা
আমন্ত্রণ জানান।